

পররাষ্ট্র উপদেষ্টা

প্রাথমিক শিক্ষার মানোন্নয়ন হলে উচ্চশিক্ষা সহজ হবে

স্টাফ রিপোর্টার, নরসিংদী

প্রকাশিত: ০২:০৫, ২৬ অক্টোবর ২০২৫



পররাষ্ট্র উপদেষ্টা তৌহিদ হোসেন

শিক্ষা খাতের উন্নয়ন প্রসঙ্গে পররাষ্ট্র উপদেষ্টা তৌহিদ হোসেন বলেছেন, একটি দেশের উন্নয়নে শিক্ষা ও স্বাস্থ্য খাতে অধিক পরিমাণে বাজেট প্রদান করা উচিত। প্রাথমিক শিক্ষার মানোন্নয়ন করতে হবে, তাহলে উচ্চশিক্ষা সহজতর হবে। প্রশাসনের সহায়তা আগামীদিনে আমরা স্কুলের শিক্ষার্থীদের পাশাপাশি গ্রামবাসীর স্বাস্থ্য উন্নয়নে কাজ করব। শনিবার সকালে বেলাব উপজেলার হোসেন নগর পাইলট স্কুল মাঠে মানুন সাকিনা অ্যাডুকেশন ফাউন্ডেশনের আয়োজনে স্কুল স্বাস্থ্যসেবা কার্যক্রম উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে তিনি একথা বলেন।

পররাষ্ট্র উপদেষ্টা বলেন, বেলাব হোসেন নগর পাইলট উচ্চ বিদ্যালয়টি প্রতিষ্ঠাকালে আমাদের পরিবারের সদস্যসহ স্থানীয়রা জমি দান করাসহ সার্বিকভাবে সহযোগিতা করেছিলেন এবং ভবিষ্যতেও স্কুলের

সামগ্রিক সহায়তা জন্য বিত্তবানরা এগিয়ে আসবেন। মানবসম্পদ উন্নয়নে শিক্ষা ও স্বাস্থ্যের বিকল্প নেই।

মানুন সাকিনা অ্যাডুকেশন ফাউন্ডেশন সভাপতি ও সাবেক সচিব মো. জাহিদ হোসেনের সভাপতিত্বে আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ জ্বালানি ও বিদ্যৃৎ গবেষণা কাউন্সিল (বিইপিআরসি) চেয়ারম্যান (সিনিয়র সচিব) মোহাম্মদ ওয়াহিদ হোসেন এনডিসি, নরসিংড়ী জেলা প্রশাসক ও বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট মো. আনোয়ার হোসাইন, বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির কেন্দ্রীয় ক্ষুদ্র ও কুটির শিল্প বিষয়ক সম্পাদক ড. এম এ কাইয়ুম, জেলা পুলিশ সুপার মো. মেনহাজুল আলম, বাংলাদেশ বিমান বাহিনীর সাবেক এয়ার কমোডর মো. খালিদ হোসেন, নরসিংড়ী সিভিল সার্জন সৈয়দ আমিরুল হক শামীম, বেলাব উপজেলা নির্বাহী কর্মকর্তা মো. আব্দুল করিম, উপজেলা সহকারী কমিশনার (ভূমি) আজিজ সারতাজ জায়েদ, বেলাব থানার (ভারপ্রাপ্ত) কর্মকর্তা মীর মাহবুবর রহমান, উপজেলা বিএনপির আহ্বায়ক আহসান হাবীব, হোসেন নগর পাইলট স্কুলের প্রধান শিক্ষক মো. আমিনুল হক চৌধুরীসহ প্রমুখ।

পরে দুপুরে পররাষ্ট্র উপদেষ্টা তোহিদ হোসেন নরসিংড়ী জেলা প্রশাসক কার্যালয়ের সম্মেলন কক্ষে সরকারি কর্মকর্তা-কর্মচারী ও সুধীবৃন্দের সঙ্গে এক মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন। নরসিংড়ী জেলা প্রশাসক মোহাম্মদ আনোয়ার হোসাইন অনুষ্ঠানে সভাপতিত্ব করেন।